লিপি
কলকাতা, বৃহস্পতিবার, ৮ ফেব্রুয়ারি, ২০১৮
Kolkata-Thursday • February 8, 2018
Arthik Lipi, Page 3

কেশরীনাথকে বাহবা দেওয়া উচিত, মত রাজ্য বিজেপির

রাজ্যপাল এক্তিয়ার বহির্ভূত কাজ করে পদকে কলঙ্কিত করছেন, অভিযোগ পার্থর

স্টাফ রিপোর্টার: রাজ্যপালের বিরুদ্ধে এক্তিয়ার বহির্ভূত কাজের অভিযোগ তুললেন পার্থ চট্টোপাধ্যায়। পাশাপাশি কেশরীনাথ ত্রিপাঠীকে এনডিএ'র মুখপাত্র বলেও বুধবার বিধানসভায় কটাক্ষ করেন পরিষদীয়মন্ত্রী। সীমান্তবর্তী এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি ও কেন্দ্রীয় সরকারের উন্নয়নমূলক প্রকল্প নিয়ে আলোচনা করতে মালদহ ও মুর্শিদাবাদ জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক করতে এই দুই জেলার প্রশাসনকে সচিব মারফত চিঠি দেন রাজ্যপাল কেশরীনাথ ত্রিপাঠী। এই নিয়ে মঙ্গলবার লোকসভায় ও বৃহস্পতিবার রাজ্যসভায় প্রতিবাদে নামেন তৃণমূল সাংসদরা। পাশে দাঁড়িয়েছে কংগ্রেস সহ বিরোধীরাও। বুধবার তারই আঁচ পড়ে বিধানসভাতেও। রাজ্যপালের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে পার্থ চট্টোপাধ্যায়ের বক্তব্য, 'এক্তিয়ার বহির্ভূত কাজ করেছেন রাজ্যপাল। উনি রাজ্যে সমান্তরাল সরকার চালাতে চাইছেন।' কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প, গ্রামীণ এলাকায় উন্নয়নমুখী কাজকর্ম ছাড়াও জেলার সীমান্তবর্তী এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে মালদহ ও মুর্শিদাবাদ জেলা প্রশাসনের সঙ্গে বৈঠক করতে চেয়ে চিঠি দেওয়া হয় এই দুই জেলার প্রশাসনিক কর্তাদের কাছে। এমনকী আইজিকেও ওই বৈঠকে উপস্থিত থাকার জন্য নির্দেশ দেন রাজ্যের সাংবিধানিক প্রধান। আর তাতেই

আগুনে ঘি পড়ে। গোটা বিষয় নিয়ে আগেই ক্ষোভ প্রকাশ করেছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার আরও সুর চড়িয়ে এবার রাজ্যপালকেই কড়া ভাষায় আক্রমণ করলেন পরিষদীয় মন্ত্রী। বিধানসভায় নিজের ঘরে বসে পার্থ চট্টোপাধ্যায়ের বক্তব্য, 'সচিবের মাধ্যমে মালদহ জেলা প্রশাসনকে চিঠি পাঠিয়েছেন রাজ্যপাল। অনুতাপের সঙ্গে বলছি, ওনার এই ধরনের পদক্ষেপ আসলে সাংবিধানিক এক্তিয়ার বহির্ভূত কাজ।' তবে এই প্রথম নয়। এর আগেও একাধিক ইস্যুতে সংঘাতে জড়িয়েছে রাজভবন আর নবান্ন। ২০১৬ সালে টোল প্লাজায় সেনা নামানো নিয়ে রাজ্যের কড়া প্রতিক্রিয়ায় ক্ষুব্ধ হন রাজ্যপাল। ২০১৭ সালের শুরুতেও সুদীপ বন্দ্যোপাধ্যায়ের গ্রেফতারির পর বিজেপির রাজ্য দফতরে তৃণমূলের 'তাণ্ডব'এর কড়া রিপোর্ট স্বরাষ্ট্রমন্ত্রককে পাঠিয়েছিলেন রাজ্যপাল। জুলাই মাসে একইভাবে বাদুরিয়া নিয়েও ফোনে মুখ্যমন্ত্রী-রাজ্যপাল মতানৈক্য হয়। রীতিমতো সাংবাদিক বৈঠক ডেকে রাজ্যপালের বিরুদ্ধে ক্ষোভ উগরে দেন মমতা। পাল্টা রাজভবন থেকেও রাজ্যপালকে অপমান করার অভিযোগ তোলা হয় মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে। আর তারপর এই চিঠিকে কেন্দ্র করে ফের কার্যত সম্মুখ সমরে রাজ্যপাল আর রাজ্য প্রশাসন। এদিন বিধানসভায় পার্থ চট্টোপাধ্যায় বলেন, 'রাজ্যপাল তাঁর দায়িত্বের বাইরে গিয়ে এনডিএ মুখপাত্র হিসাবে কাজ করছেন। বিজেপির পতাকা নিয়ে রাজ্যপালের দায়িত্ব সামলাচ্ছেন।' রাজ্য প্রশাসনের কাজে রাজ্যপালের 'এক্তিয়ার বহির্ভূত' হস্তক্ষেপ নিয়ে রাজ্য বিধানসভাতেও নিন্দা প্রস্তাব আনা হয়। বিষয়টি নিয়ে আলোচনার দাবি জানায় বাম-কংগ্রেসও। পরে পরিষদীয়মন্ত্রী বলেন, 'গোটা ঘটনার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই ধরনের আচরণ রাজ্যপালের আসন ও পদমর্যাদাকে কলঙ্কিত করছে। এই ধরনের কাজ আসলে অগণতান্ত্রিক, অসাংবিধানিক ও এক্তিয়ার বহির্ভূত।' তবে গোটা ঘটনায় রাজ্যপালের পাশেই দাঁড়িয়েছে বিজেপি। দলের কেন্দ্রীয় সম্পাদক রাহুল সিনহার বক্তব্য, 'রাজ্যপাল যে কাজ করেছেন তার জন্য ওনাকে বাহবা দেওয়া উচিত।' অপরদিকে খোদ রাজ্যপালের মতে, নথি খতিয়ে দেখুক সরকার। সংসদে বিষয়টি তুললেও কিছু যায় আসে না। পাশাপাশি কেন্দ্রীয় বাজেটে রাজ্যের রেল প্রকল্পে বরাদ্দ হ্রাস নিয়েও সরব হন পার্থ। তাঁর বক্তব্য, 'রেল প্রয়োজনীয় বরাদ্দ দিচ্ছে না। এই নিয়েও প্রস্তাব আনা হচ্ছে।' কেন্দ্রীয় বঞ্চনার বিরুদ্ধে প্রস্তাব পাঠানো হবে বলেও দাবি পরিষদীয়মন্ত্রীর।

ফের তল্লাশি প্রাক্তন আইপিএস ঘনিষ্ঠের ফ্ল্যাটে

সিআইডি হাজিরা এড়ালেন ভারতী ঘোষের স্বামী

স্টাফ রিপোর্টার: সিআইডি হাজিরা এড়ালেন ভারতী ঘোষের স্বামী এম এ ভি রাজু। বুধবার ১২টার মধ্যে ভবানীভবনে হাজিরার নির্দেশ দিয়েছিল সিআইডি। কিন্তু অসুস্থতার কারণ দেখিয়ে সেই হাজিরা এড়িয়ে যান প্রাক্তন আইপিএসের স্বামী। আইনজীবী মারফৎ সেকথা সিআইডি কর্তাদের জানিয়ে দেন তিনি। প্রসঙ্গত, রাজ্যে পালা বদলের সঙ্গে সঙ্গে আইপিএস ভারতী ঘোষের ঘনিষ্ঠতা বাড়ে তৃণমূল নেতৃত্বের সঙ্গে। ক্রমে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের স্নেহধন্যা হয়ে ওঠেন। পুলিশ আধিকারিক হিসাবে ভারতী ঘোষের ভূমিকা নিয়েও বিরোধী দলগুলিকে নানা সময় প্রশ্ন তুলতে দেখা গিয়েছে। কিন্তু কয়েক সপ্তাহ আগে ভারতী ঘোষকে পশ্চিম মেদিনীপুরের পুলিশ সুপারের পদ থেকে সরিয়ে দেয়। অপেক্ষাকৃত কম গুরুত্বপূর্ণ পদে বদলি করলে সেই পদ নিতে অস্বীকার করেন এবং ইস্তফা দেন। তার কয়েক সপ্তাহের মধ্যেই তোলাবাজির মামলায় সিআইডির নজর পড়ে ভারতী ঘোষের উপর। তাঁর বাড়ি ও ফ্ল্যাটে হানা দেয় সিআইডি। তাঁকে ইতিমধ্যেই নোটিস ধরিয়ে ভবানীভবনে হাজিরার নির্দেশও দিয়েছে তদন্তকারীরা। বুধবার তাঁর স্বামী এম এ ভি রাজুকে হাজিরার নির্দেশ দেওয়া হয়। কিন্তু তাঁর আইনজীবী ভবানীভবনে গিয়ে জানান, তাঁর মক্কেল অসুস্থ। তিনি হাসপাতালে ভর্তি, সেই কারণেই এখন হাজিরা দেওয়া সম্ভব নয়। বেআইনিভাবে তাঁর বাড়ি ও ফ্ল্যাটে তল্লাশি চালানো হচ্ছে বলে ভারতী ঘোষের তরফে অভিযোগ তোলা হলেও তল্লাশি অভিযান বন্ধ করতে নারাজ তদন্তকারীরা। এদিনও ভারতী ঘোষের মাদুরদহের ফ্ল্যাটে তল্লাশি চালায় সিআইডি। কয়েকদিন আগেই এই ফ্ল্যাটের কেয়ারটেকারকে গ্রেফতার করেছিল সিআইডি। তাকে সঙ্গে নিয়েই এদিন তদন্তকারীরা তল্লাশি চালান। মঙ্গলবার এই বাড়িতেই তল্লাশি চালায় সিআইডি। তিনটি জায়গায় তল্লাশি চালিয়ে প্রায় আড়াই কোটি টাকার হদিশ মেলে। মাদুরদহের ফ্ল্যাটের কেয়ারটেকার রাজমঙ্গল সিংকে জিজ্ঞাসাবাদ করে গোয়েন্দারা যে তথ্য হাতে পান তার ভিত্তিতেই মঙ্গলবার ওই ফ্ল্যাটে তল্লাশি চালানো হয়। সেখান থেকে টাকার হদিশ পেলেও সোনা পাওয়া যায়নি। সেই কারণেই বুধবার ধৃত কেয়ারটেকারকে সঙ্গে নিয়ে তল্লাশি চালানো হয়। মঙ্গলবারের তল্লাশির পরেই আনন্দপুর থানায় সিআইডি কর্তাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন ভারতী ঘোষের স্বামী এম এ ভি রাজু। তাঁর বক্তব্য ছিল, আমাদের কোনও খবর না দিয়েই সম্পূর্ণ বেআইনিভাবে ভারতী ঘোষের

ফ্ল্যাটে ঢুকে সিআইডি তল্লাশি চালিয়েছে। বেলদার এক স্বর্ণ ব্যবসায়ীর অভিযোগের ভিত্তিতেই ভারতী ঘোষের মাদুরদহের উপর নজর পড়ে গোয়েন্দাদের। ১ ফেব্রুয়ারি থেকে বিভিন্ন জায়গায় তল্লাশি অভিযান শুরু হয়। ভারতী ঘোষের বাড়ি ও ফ্ল্যাটেও হানা দেয় সিআইডি। কয়েকজনকে গ্রেফতারও করা হয়।

পুলিশের বিরুদ্ধে অতি সক্রিয়তার অভিযোগ তুলে ইতিমধ্যেই হাইকোর্টে মামলা করেছেন ভারতীর স্বামী। গোটা ঘটনায় সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন তিনি। কিন্তু তাঁকে ডেকে পাঠায় সিআইডি। যদিও অসুস্থতার কারণ দেখিয়ে আপাতত হাজিরা এড়িয়েছেন এম এ ভি রাজু। ভারতী ঘোষ ও তাঁর স্বামীর তরফে বেআইনিভাবে তাদের বাড়িতে হানা দেওয়ার অভিযোগ তুললেও তা খারিজ করে দিয়েছে সিআইডি। ডিআইজি-সিআইডি (অপারেশন) নিশাত পারভেজের বক্তব্য, আইন মেনে সার্চ ওয়ারেন্ট নিয়েই তল্লাশি চলে। এমনকী তল্লাশির সময় ভিডিও রেকর্ডিং করে রাখা হয়। যাতে কেউ প্রশ্ন তুলতে না পারে।

বইমেলায় পুরশ্রীর ভগিনী নিবেদিতার উপর বিশেষ সংখ্যা প্রকাশ মেয়রের

স্টাফ রিপোর্টার : বইমেলায় কলকাতা পুরনিগমের পুরশ্রী পত্রিকার বিশেষ সংখ্যা প্রকাশিত হল বইমেলায়। ভগিনী নিবেদিতার উপর এই বিশেষ সংখ্যা প্রকাশিত করেন কলকাতা পৌরনিগমের মহানগরীর শোভন চট্টোপাধ্যায় বিষয় রিচার্চ করার জন্য ব্যবহার করা যেতে পারে। যারা ভগিনী নিবেদিতার কর্মকাণ্ডের উপর রিসার্চ করতে চান। তারা এই বই হিসাবে প্রমাণ্য হিসাবে ব্যবহার করতে পারেন। আট মাস ধরে বিভিন্ন সংস্থার সঙ্গে যোগাযোগ করা হয় তারপর এই প্রকাশিত হল। বিবেকানন্দ মঠ ও মিশনের যদি এই বইতে কোনওরকম পরিবর্তন প্রয়োজন রয়েছে বোধ হয় তাহলে আমরা সেই পরিবর্তন আনতে প্রস্তুত আছি। আমরা চাই এই বইকে পরবর্তী প্রজন্মের কাছে সময়ের দলিল হিসাবে তুলে দিতে পারি।

এদিন শিল্পী শুভাপ্রসন্ন বলেন, একটা সময় কলকাতা আমাদের দেশের রাজধানী ছিল বহু মানুষ কলকাতায় থেকে বিখ্যাত হয়েছেন। তাদের সম্পর্কে এক দুই লাইন কিংবা প্রবন্ধ বের হয় পুরশ্রীতে। এতে কলকাতা ও এখানকার মনীষীদের সম্পর্কে মানুষ অনেক কিছু জানতে পারে। বিশেষ সংখ্যা প্রকাশ উপলক্ষে উপস্থিত ছিলেন সুবীরানন্দ এবং শিল্পী শুভাপ্রসন্ন ভট্টাচার্য প্রমুখ। বইমেলায় ভগিনী নিবেদিতার উপর বিশেষ সংখ্যা প্রকাশ সম্পর্কে মহানাগরিক শোভন চট্টোপাধ্যায় বলেন, পুরশ্রীতে প্রকাশিত বিভিন্ন

ফুটপাত থেকে দেহ উদ্ধার, গ্রেফতার প্রেমিকা

স্টাফ রিপোর্টার : ফুটপাত থেকে এক ব্যক্তির দেহ উদ্ধার করল পুলিশ। এক তরুণীর সঙ্গে লিভ-ইন করছিলেন মৃত। সেই লিভ-ইন পার্টনারের হাতেই খুন হতে হল ওই ব্যক্তিকে। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে খিদিরপুর এলাকায়। অভিযুক্ত মহিলাকে গ্রেফতার করেছে পুলিশ। তদন্তের স্বার্থে মৃত ও অভিযুক্তর নাম আপাতত গোপন রেখেছে পুলিশ।

মঙ্গলবার রাতে টহল দেওয়ার সময় ওয়াটগঞ্জ থানার পুলিশ কার্ল মার্কস সরণীর কাছে ফ্যান্সি মার্কেটের উল্টো দিকের ফুটপাতে একটি দেহ পড়ে থাকতে দেখে। তাঁকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কিন্তু ততক্ষণে সব শেষ। চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। ওই ব্যক্তির মাথার পিছনে ও থুতনির কাছে ক্ষত চিহ্ন দেখতে পাওয়া যায়। ভারী কোনও বস্তু দিয়ে আঘাত করা হয়েছে।

তার জেরেই এই মৃত্যু বলে মনে করা হচ্ছে। জানা গিয়েছে, অভিযুক্তর সঙ্গে মৃত ব্যক্তির সম্পর্ক ছিল। সম্প্রতি তাদের সেই সম্পর্ক তলানিতে এসে ঠেকে। নিত্য অশান্তি লেগে থাকত। সোমবারও তাদের মধ্যে তুমুল ঝগড়া হয়। সেই সময় রাগের মাথায় তরুণী ভারী বস্তু দিয়ে যুবকের মাথায় আঘাত করে। রক্তাক্ত অবস্থায় যুবককে ফেলে পালিয়ে যায় সে। তরুণী খুনের কথা স্বীকার করে নিয়েছে বলেও দাবি ওয়াটগঞ্জ থানার পুলিশের। তবে যুবককে খুন করতে ওই তরুণীকে কেউ সাহায্য করেছে কি না, সেই বিষয়টি খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

নিউটাউনে উন্নয়ন যজ্ঞ চলছে: ফিরহাদ

স্টাফ রিপোর্টার: বইমেলায় প্রকাশিত হল হিডকোর উন্নয়নমূলক একাধিক প্রকল্পের উপর লেখা তিনটি বই। একইসঙ্গে বইমেলায় উদ্বোধন করা হয় হিডকোর নিজস্ব সোশ্যাল নেটওয়ার্কিং সাইটেরও। বুধবার এসবিআই অডিটোরিয়ামে হিডকোর এই অনুষ্ঠানে হাজির ছিলেন রাজ্যের নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম। এদিন মন্ত্রী 'নিউটাউন ইনফো বুক'এর দ্বিতীয় সংস্করণ ছাড়াও 'অর্গানেন্ডেড রিয়ালটি অফ বিশ্ব বাংলা কনভেনশন সেন্টার'এর দ্বিতীয় সংস্করণ ও 'ভারচুয়াল রিয়ালিটি ট্যুর অন ইকোপার্ক' এর দ্বিতীয় সংস্করণের উদ্বোধন করেন ফিরহাদ হাকিম। এদিন তিনি বলেন, 'নিউটাউনে কী হচ্ছে একটা সময় কেউ জানতেই পারতেন না। মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে সেই নিউটাউনে এখন উন্নয়নযজ্ঞ চলছে। নিউটাউন এখন উন্নয়নের শো-কেসে পরিণত হয়েছে। মানুষ যে সব বিষয় নিয়ে স্বপ্ন দেখেন, তাই এখন বাস্তব হচ্ছে নিউটাউনে।'এবার থেকে নিউটাউনবাসীরা শহরের হাসপাতাল, ফুড জোন, অফিস, রাস্তার পাশাপাশি ইকো পার্কের বিভিন্ন দ্রষ্টব্যের হদিশও পাবেন এই বইগুলি থেকে। পাশাপাশি এদিন 'নিউটাউন সিটি কানেক্ট' নামে সোশ্যাল নেটওয়ার্কিং সাইটের উদ্বোধনও করেন তিনি। যাকে আদপে নিউটাউনের ফেসবুক বলে এদিন পরিচয় করিয়ে দেন হিডকো চেয়ারম্যান দেবাশীষ সেন। এই সোশ্যাল সাইটটি নিউটাউনবাসীরাই ব্যবহার করতে পারবেন বলে এদিন জানান হিডকোর চেয়ারম্যান। এই সাইটের মাধ্যমে নিউটাউনবাসীরা নিজেদের মধ্যে যেমন বন্ধুত্ব গড়ে তুলতে পারবে, তেমনই এখানকার বিভিন্ন অনুষ্ঠানের খবরাখবরও পাবেন এই সাইট থেকে।

রাজ্যের সাফাই কর্মীদের কাজের পরিকাঠামোর বিষয়ে সন্তুষ্ট নয় কেন্দ্রীয় কমিশন

স্টাফ রিপোর্টার: রাজ্যের সাফাই কর্মীদের কাজের পরিকাঠামো নিয়ে সন্তুষ্ট নয় কেন্দ্রের কমিশন। বুধবার কলকাতা পুরভবনে এই কমিশনের রাজ্য শাখা মনিটরিং কমিটির বৈঠকে ন্যাশনাল কমিশন ফর সাফাই কর্মচারী গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার পক্ষ থেকে জগদীশ হিরামানি কলকাতায় এসে এই সন্তুষ্টর কথা জানান। ১৫ দিন আগে রাজ্য সরকারের চিফ সেক্রেটারিকে চিঠি দেওয়া হয়েছিল সেই কমিশনের পক্ষ থেকে।

বুধবার সকালে জগদীশ হিরামানি সাফাই কর্মীরা যেসব জায়গায় কাজ সেখানে পরিদর্শনে যান ও প্রায় ৬০ জন সাফাইকর্মীদের সঙ্গে কথা বলেন। পুরসভাতে বুধবার একটি বৈঠক হয়। সেই বৈঠকে উপস্থিত ছিল পুর ও নগরোন্নয়ন দফতর, অনগ্রসর শ্রেণী কল্যান দফতর, রেল এবং প্রতিরক্ষা। তিনি অভিযোগ করে বলেন,'সাফাই কর্মীদের কাজ করতে যে প্রস্তুতি

নেওয়ার দরকার সেগুলি নেওয়া হয়নি। যেমন, তাদের কাজ করার জন্য গ্লাভস, গাম্বুট, মাস্ক নেই । আরও অনেককিছুই নেই তবে সেগুলির জন্য কিন্তু সরকারি খাতে বিল হয়েছে। তিনি আরও বলেন,' সাফাই কর্মীদের জন্য এছাড়া একাধিক প্রকল্প আছে কিন্তু রাজ্য তা নেয় না। কেনও নেয় না তা জানি না'।

চুক্তিভিত্তিক সাফাই কর্মীরা ইএসআই, পিএফ ঠিকমতো পান না সেই নিয়েও অভিযোগ করেন তিনি। তিনি বলেন,' ১৫ দিনের মধ্যে এর পুরো তথ্য দিতে হবে এইরকম একটি নোটিস চিফ সেক্রেটারির কাছে পাঠানো হবে। যদি সময়মতো তথ্য না আসে তাহলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি। তবে এই বিষয়গুলি নিয়ে পুরসভার আধিকারিকরা জানান, সব ব্যবস্থাই নেওয়া হচ্ছে।

মঙ্গলবার কলকাতায় আসেন এই কমিশনের প্রতিনিধি জগদীশ হিরামানি। সেদিন থেকে রাজ্য সরকারের কেউই তাঁর সঙ্গে যোগাযোগ করেননি বলেও অভিযোগ করেন তিনি। তিনি আরও অভিযোগ করেন, এমনকি বৈঠকে বিষয়বস্তু কী হবে,কী নিয়ে আলোচনা হবে এবং রাজ্যের তরফ থেকে বিষয়সূচি কী হবে তা কেউ জানায়নি। রাজ্য সরকারের আধিকারিকদের এই চূড়ান্ত উদাসীনতা নিয়ে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং মুখ্যসচিবের কাছে তিনি চিঠি দেবেন বলেও জানান।

শহরে ফের মধুচক্রের হদিশ

স্টাফ রিপোর্টার : ফের শহরে মিলল মধুচক্রের হদিশ। স্পা'র আড়ালে মধুচক্র চালানোর অভিযোগে গড়িয়াহাট এলাকা থেকে গ্রেফতার করা হল ১৪ জনকে। গড়িয়াহাটের পি সি সরকার সরণী এলাকার একটি স্পা'তে দেহব্যবসা চলছে বলে অভিযোগ আসে। গোপন সূত্রে খবর পেয়ে ওই বাড়িতে হানা দেয় পুলিশ। তারপরেই মধুচক্রের হদিশ মেলে। সেখান থেকেই গ্রেফতার করা হয় ১৪ জনকে। তাদের মধ্যে রয়েছে ৭জন মহিলা। এদের মধ্যে আবার ৬জন যৌন কর্মী। অপর জন দালাল হিসাবে কাজ করত। জানা গিয়েছে, পুলিশ যখন ওই স্পা'তে হানা দেয় তখন সেখানে ১৬ জন ছিল। পুলিশ আসার আগেই দু'জন চম্পট দেয়। পুলিশ জানতে পেরেছে, বিভিন্ন জায়গা থেকে যুবতীদের এনে সেখানে দেহব্যবসা চালানো হত।

গৃহবধূর অস্বাভাবিক মৃত্যুতে অভিযোগ দায়ের

স্টাফ রিপোর্টার: গৃহবধূর অস্বাভাবিক মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়াল নিউটাউন থানা এলাকার বিবেকানন্দ পল্লী এলাকায়। বুধবার সাড়ে ১০টা নাগাদ রেখা রায় সমাদ্দার(৩২) নামে এক মহিলার ঝুলন্ত দেহ উদ্ধার করে পুলিশ। তার দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে পুলিশ। খুনের মামলা রুজু করে তদন্ত শুরু করেছে পুলিশ। মহিলার স্বামী তপন রায়কে জিজ্ঞাসাবাদ চালাচ্ছে নিউ টাউন থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে ওই মহিলা, তপন ব্যাপারীর বাড়িতে একাই ভাড়া থাকতেন। মাঝেমধ্যে সেখানে আসতেন তার স্বামী তপন রায়। মহিলা একটি বেসরকারি সংস্থায় সিকিউরিটি গার্ডের চাকরি করতেন। এদিন সকালে ডাকাডাকি করলে তিনি সাড়া না দেওয়ায় তার দরজা খুলতেই দেখা যায় তার দেহ সিলিং ফ্যান থেকে খাটের উপর ঝুলছে। খাটের পাশে একটি বালিশ পড়ে রয়েছে। যা থেকে প্রাথমিক অনুমান করা হয়, বালিশ চাপা দিয়ে তাকে খুন করা হয়েছে।

২০১৮-১৯ আর্থিক বছরের বাজেটে রেলে বরাদ্দ নিয়ে সাংবাদিক সম্মেলনে পূর্ব রেলের জেনারেল ম্যানেজার হরিজ রাও।

হাইকোর্টে অধীর

স্টাফ রিপোর্টার: মুর্শিদাবাদে বাস দুর্ঘটনানিয়ে হাইকোর্টেরঘারস্থপ্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরি। হাইকোর্টের বিচারপতির তত্ত্বাবধানে তদন্ত চেয়ে আদালতে জনস্বার্থ মামলা দায়ের করেছেন বহরমপুরের সাংসদ।একই সঙ্গে সরকারি সাহায্য বাড়ানোরও আবেদন জানানো হয়েছে মামলায়। দৌলতাবাদে ব্রিজ ভেঙে একটি যাত্রীবাহী বাস ভৈরব নদীতে পড়ে যায়। সেই ঘটনায় ৪৩ জনের মৃত্যু হয়।